# শ্রীবরদী উপজেলা পরিষদের অক্টোবর/২১ খ্রি. মাসের মাসিক সভার কার্য বিবরণী

সভাপতি : জনাব এ.ডি.এম শহিদুল ইসলাম
চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী, শেরপুর।
সভার স্থান : উপজেলা পরিষদ সম্মেলন কক্ষ 'সোমেশ্বরী'।
তারিখ ও সময় : ২৫-১০-২০২১ খ্রি. সকাল : ১১.৩০ টা।

সভায় উপস্থিত সদস্যদের হাজিরা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো :

সভাপতি সভায় উপস্থিত সকল সদস্যবৃন্দকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। সভার শুরুতেই বর্তমান সংকটময় পরিস্থিতিতে যে সকল কর্মকর্তা স্ব-স্ব অবস্থান থেকে কোভিড-১৯ (করোনা ভাইরাস) মোকাবেলায় ভূমিকা রেখে যাচ্ছেন তাদের সকলের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করা হয়। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী সভার কার্যক্রম পরিচালনার জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ জানানো হয়। সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান এবং কোন সংশোধনী না থাকায় তা দৃঢ়ীকরণ করা হয়। এরপর বিভাগ ভিত্তিক উন্নয়নমূলক কার্যক্রমের উপর পর্যায়ক্রমে আলোচনার আহবান করা হয়। আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্তসমূহ গ্রহণ করা হয়।

১। উপজেলা কৃষি বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা কৃষি অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, বর্তমানে কৃষি প্রনোদনা ও পুনর্বাসন কার্যক্রম চলমান রয়েছে। তিনি প্রকৃত কৃষকদের তালিকা প্রণয়নে সকলের সহযোগিতা কামনা করেন। তিনি আরও জানান, ভতুর্কি মূল্যে কৃষি যন্ত্রপাতি বিতরণ কার্যক্রম চলমান রয়েছে। আগ্রহীদের উপজেলা কৃষি অফিসে যোগাযোগের জন্য অনুরোধ জানান। কীটনাশক ও সারের দোকান মনিটরিং কার্যক্রম চলমান রয়েছে। আমন ধানের কর্তন শুরু হয়েছে। আমন ধান কর্তন করে সরিষা চাষে কৃষকদের উদ্বুদ্ধ করা হচ্ছে। এছাড়া বিভাগীয় অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। মাঠ পর্যায়ে কৃষকদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।<br>২। কৃষকদের তালিকা প্রণয়নে স্বচ্ছতা অবলম্বন করতে হবে।<br>৩। স্যার ডিলার ও বিক্রেতাদের নিয়মিত মনিটরিং অব্যাহত রাখতে হবে। | উপজেলা কৃষি অফিসার, শ্রীবরদী। |

২। স্বাস্থ্য বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা স্বাস্থ্য ও পঃ পঃ কর্মকর্তা, শ্রীবরদী, সভায় জানান যে, করোনা (কোভিড-১৯) ভাইরাসের টিকা প্রদান অব্যাহত আছে। শ্রীবরদীতে গতমাসে ২৮ তারিখে ১ জন করোনা পজেটিভ রোগী পাওয়া গেছে। মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে যারা কোভিড-১৯ টিকা গ্রহণ করেছে তাদের দ্বিতীয় ডোজ আগামী ২৮ তারিখে দেয়া হবে। এছাড়া স্কুলে বাচ্চাদের ওজন নেয়া কার্যক্রম চলছে। তিনি টিকা প্রদান কার্যক্রমে সকলের সহযোগিতা কামনা করেন। অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। করোনা আক্রান্ত রোগীদের আইসোলেশন ও কোয়ারেন্টাইন ব্যবস্থা নিশ্চিত করতে হবে।<br>২। করোনার টিকা প্রদানে সচেতনতা বৃদ্ধির জন্য ব্যাপক প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৪। নিজ নিজ অধিক্ষেত্র / অফিস প্রাঙ্গনে স্বাস্থ্যবিধি বজায় রাখতে প্রত্যেক দপ্তরকে নিজ দায়িত্বে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | ১। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, শ্রীবরদী।<br>২। দপ্তর প্রধান (সকল), শ্রীবরদী। |

৩। প্রাণি সম্পদ বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রাণি সম্পদ অফিসার, শ্রীবরদী, সভায় সভায় জানান যে, সমতলভূমিতে বসবাসরত নৃ-তাত্ত্বিক জনগোষ্টির জীবনমান উন্নয়নের লক্ষ্যে সমন্বিত প্রাণি সম্পদ প্রকল্পের অর্থায়নে ৪১ জন সুবিধাভোগীকে ২ টি করে ভেড়া ও ৩ মাস পর্যন্ত খাদ্য সহায়তা প্রদান করা হবে। এ জন্য উপযুক্ত সুবিধাভোগীর আবেদন আহবান করা হয়েছে। এছাড়া গবাদীপশু, পাখি কৃমিমুক্তকরণ, টিকা প্রদান, চিকিৎসা ও পরামর্শ প্রদান কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। আলোচনার সুবিধার্থে কার্যপত্র প্রেরণ করতে হবে।<br>২। সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।<br>৩। খামারগুলো নিয়মিত পরিদর্শন ও পরামর্শ দিতে হবে। | উপজেলা প্রাণি সম্পদ অফিসার, শ্রীবরদী |

৪। মৎস্য বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মৎস্য অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, ইলিশের প্রধান প্রজনন মৌসুমে মা ইলিশ সংরক্ষণ অভিযান উপলক্ষ্যে সারাদেশে ইলিশ মাছ আহরন, পরিবহন, মজুদ, বিক্রয় নিষিদ্ধ ছিল। উক্ত সময়ে শ্রীবরদী উপজেলায় কোথাও ইলিশ মাছ পাওয়া যায়নি। এ সময়ে অভিযান পরিচালনায় সার্বিক সহযোগিতা করার জন্য উপজেলা প্রশাসনসহ সকলকে ধন্যবাদ জানান। এ ছাড়া তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। মৎস্য খাদ্য বিক্রয়ের সকল দোকান নিবন্ধন নবায়ন করতে হবে।<br>২। মাঠ পর্যায়ে মৎস্যচাষীদের সাথে সার্বক্ষনিক যোগাযোগ রাখতে হবে।<br>৩। মৎস্য হ্যাচারীতে দেশী জাতের মাছের পোনা উৎপাদনে উৎসাহ প্রদান করতে হবে। | উপজেলা মৎস্য অফিসার, শ্রীবরদী |

চলমান পাতা-০২



Scanned with CamScanner

৫। এলজিইডি :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী, সভায় জানান যে, উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্পের (UGDP ) আওতায় ২০১৯-২০ অর্থ বছরে অবকাঠামোগত ৩ টি উপ-প্রকল্পের টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে সম্পন্ন হয়েছে। শ্রীবরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন করা হবে। তিনি উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা, শ্রীবরদীকে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেমের কাজটি স্থাপনের সময় তদারকি করার জন্য অনুরোধ জানান। অন্যান্য ২ টি প্রকল্পের কার্যাদেশ প্রদানের প্রক্রিয়া চলমান রয়েছে। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন টেলিযোগাযোগ সুবিধা বঞ্চিত এলাকা সমূহের ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন প্রকল্পের আওতায় শ্রীবরদী উপজেলায় কাজ চলছে। তিনি উক্ত কাজের জন্য এলজিইডি'র সাথে যোগাযোগ পূর্বক রাস্তা খনন করার জন্য অনুরোধ জানান। তিনি আর জানান, স্থানীয় সরকার বিভাগ, উপজেলা-২ শাখার ১৬ আগস্ট, ২০২১ তারিখের ৪৬.০০.০০০০.০৪৫.২০.০০৪.২১-৪৫৪(১০) নং স্মারকপত্রে ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচিতে উপজেলাসমূহের জন্য উন্নয়ন সহায়তার থোক বরাদ্দের টাকা হতে করোনা ভাইরাসের (কোভিড-১৯) বিস্তাররোধ কল্পে শ্রীবরদী উপজেলায় ৪.০৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। তিনি প্রকল্পের প্রাক্কলন সভায় অনুমোদনের জন্য সভায় উপস্থাপন করেন। এছাড়া তার অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। শ্রীবরদী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে সেন্ট্রাল অক্সিজেন সিস্টেম স্থাপন কাজের সময় তদারকি করতে হবে।<br>২। বাংলাদেশ কম্পিউটার কাউন্সিল কর্তৃক বাস্তবায়নাধীন ব্রডব্যান্ড কানেক্টিভিটি স্থাপন প্রকল্পের আওতায় রাস্তা খনন করার পূর্বে আবশ্যিকভাবে এলজিইডি'র সাথে যোগাযোগ করতে হবে।<br>৩। করোনা ভাইরাস (কোভিড-১৯) বিস্তার রোধে প্রতিরোধমূলক ব্যবস্থা (মাস্ক, হ্যান্ড স্যানিটাইজার, এ্যান্টিসেপটিক সাবান, পালস অক্সিমিটার, অক্সিজেন সিলিন্ডার, থার্মাল স্ক্যানার ইত্যাদি) প্রকল্পটি অনুমোদন করা হয়। ক্রয় প্রক্রিয়ায় স্বচ্ছতা ও পণ্যের গুণগতমান বজায় রাখতে হবে। | ১। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, শ্রীবরদী।<br>২। উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী।<br>৩। উপজেলা স্বাস্থ্য ও প.প. কর্মকর্তা, শ্রীবরদী<br>৪। উপজেলা প্রকৌশলী, শ্রীবরদী<br>৫। সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী। |

৬। উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী, সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন অফিসার, শ্রীবরদী। |

৭। সমাজসেবা অধিদপ্তর :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী, সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমাজসেবা অফিসার, শ্রীবরদী। |

৮। উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, প্রাথমিক স্তরের শিক্ষার্থীদের জন্য ২০২২ সালের পাঠ্যপুস্তক আসা শুরু হয়েছে। উপজেলা পরিষদের মধ্যে বই রাখার সুযোগ না থাকায় তাতিহাটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে পাঠ্যপুস্তক সংরক্ষণ করা হচ্ছে। আগামী ৩১ অক্টোবর,২০২১ হতে ৬ নভেম্বর, ২০২১ পর্যন্ত সপ্তাহব্যাপী বিদ্যালয় ও উপজেলা পর্যায়ে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। তিনি সকলের সহযোগিতা কামনা করেন। এছাড়া তাঁর অফিসরে অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।<br>২। বিদ্যালয় এবং প্রাঙ্গন পরিচ্ছন্ন রাখতে হবে। | উপজেলা শিক্ষা অফিসার, শ্রীবরদী |

৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, ২৩ অক্টোবর,২০২১ থেকে ২৯ অক্টোবর, ২০২১ পর্যন্ত বিদ্যালয়ে ক্ষুদে ডাক্তার কার্যক্রম চলবে। শিক্ষার্থীদের ওজন, উচ্চতা, দৃষ্টিশক্তি মাপার কাজ চলমান রয়েছে। শীঘ্রই কৃমিনাশক ট্যাবলেট খাওয়ানো কার্যক্রম শুরু করা হবে। ৬ষ্ঠ থেকে ১০ম শ্রেণির শিক্ষার্থীদের আয়রন ট্যাবলেট জেলা শিক্ষা অফিস থেকে সংগ্রহ করা হয়েছে। জাতীয়ভাবে উদ্বোধনের পর এই ট্যাবলেট খাওয়ানো হবে। প্রতিষ্ঠান পরিদর্শনসহ অন্যান্য কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | ১। স্বাস্থ্য বিধি কঠোরভাবে অনুসরণ করতে হবে।<br>২। বিদ্যালয় এবং প্রাঙ্গন পরিচ্ছন্ন রাখতে হবে। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার শ্রীবরদী। |

১০। যুব উন্নয়ন অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| শ্রীবরদী উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী, সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | কার্যপত্র প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন অফিসার, শ্রীবরদী। |

১১। মহিলা বিষয়ক অধিদপ্তর :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা মহিলা বিষয়ক অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, ২০২১-২২ অর্থ বছরে কর্মজীবী ল্যাকটেটিং মাদার সহায়তা তহবিল কর্মসূচীর আওতায় ৫০ জন উপকারভোগীর MIS সম্পন্ন হয়েছে। জয়িতা অন্বেষণে বাংলাদেশ কার্যক্রমের আওতায় ইউনিয়ন পর্যায় থেকে ৫ ক্যাটাগরীর ৫ জন জয়িতা নির্বাচন করে উপজেলা পর্যায়ে প্রেরণের জন্য সম্মানিত ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানগণকে অনুরোধ জানান। বার্ষিক অনুদানের জন্য সেচ্ছাসেবী মহিলা সমিতির আবেদনপত্র সংগ্রহ পূর্বক উপজেলা কমিটির মাধ্যমে জেলায় প্রেরণ করা হয়েছে। এছাড়া তাঁর অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। ভাতাপ্রাপ্তির তালিকা প্রণয়নে স্বচ্ছতা বজায় রাখতে হবে।<br>২। প্রকৃত জয়িতা নির্বাচন পূর্বক দ্রুত উপজেলা পর্যায়ে প্রেরণ করতে হবে। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান, সকল, শ্রীবরদী।<br>২। উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, শ্রীবরদী। |





Scanned with CamScanner

১২। পরিবার পরিকল্পনা বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, কোভিড ১৯ বৈশ্বিক মহামারীর কারণে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী কার্যক্রম বন্ধ ছিলো। সেপ্টেম্বর, ২০২১ থেকে স্থায়ী ও দীর্ঘ মেয়াদী ক্যাম্প পুনরায় চালু করা হয়েছে। পরিবার পরিকল্পনা পদ্ধতির কার্যক্রম ক্রমান্বয়ে বৃদ্ধি পাচ্ছে। এছাড়া তাঁর অফিসের সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। পরিবার পরিকল্পনা পদ্ধতি গ্রহণকারীর হার বৃদ্ধি করতে হবে।<br>২। আশ্রয়ন প্রকল্পে পরিবার পরিকল্পনা কার্যক্রম সফলভাবে বাস্তবায়ন করতে হবে। | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, শ্রীবরদী। |

১৩। উপজেলা নির্বাচন অফিস :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী, সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | কার্যপত্র প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা নির্বাচন অফিসার, শ্রীবরদী। |

১৪। উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, চলতি মাসে ৩০ জন সমবায়ী সুফলভোগী সদস্যকে ১ দিনের দক্ষতা উন্নয়ন প্রশিক্ষণ এবং অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচীর ৪০ জন কৃষককে ৩ দিনের প্রশিক্ষণ আগামী নভেম্বর, ২১ মাসে অনুষ্ঠিত হবে। অপ্রধান শস্য উৎপাদন কর্মসূচীর আওতায় ডাল, তেল, মসলা ও ভুট্টা জাতীয় ফসলের দল ভিত্তিক সদস্যদের মাঝে ৪% সুদে ঋণ প্রদান অব্যাহত আছে। পিআরডিপি-৩ এর আওতায় গোসাইপুর ইউনিয়নে ২ টি স্কীমের বরাদ্দ পাওয়া গেছে। পল্লী ভবণে ইউসিসিএ ব্যবস্থাপনা কমিটির ১ টি কক্ষ রয়েছে। বর্তমানে ব্যবস্থাপনা কমিটি নেই। খাদ্য অধিদপ্তরের অফিস স্থাপনের প্রয়োজনে সাময়িক ব্যবহারের জন্য উক্ত কক্ষটি প্রদান করা হয়েছে। এছাড়া তাঁর অফিসের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ আদায়ের লক্ষ্যমাত্রা অর্জনে আদায়ের হার বৃদ্ধি করতে হবে।<br>২। নতুন লক্ষ্যমাত্রা অনুযায়ী আদায় কার্যক্রম জোরদার করতে হবে। | উপজেলা পল্লী উন্নয়ন অফিসার, শ্রীবরদী |

১৫। জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রকৌশলী(জনস্বাস্থ্য), শ্রীবরদী, সভায় জানান যে, ৩২ টি পৌরসভায় পানি সরবরাহ ও মানববর্জ্য ব্যবস্থাপনাসহ এনভায়রনমেন্টাল স্যানিটেশন প্রকল্পের আওতায় শ্রীবরদী পৌরসভায় ২৬০০ মিটার আরসিসি ড্রেন, পানি সরবরাহের জন্য বাসস্ট্যান্ট এলাকায় ১ টি উৎপাদক নলকূপ এবং সাবেক মেয়র এর বাড়ি সংলগ্ন জায়গায় ১ টি উৎপাদক নলকূপ স্থাপন করা হয়েছে। সে লক্ষ্যে পৌর এলাকায় প্রায় ১৮.৪৮ কিমি বিভিন্ন ব্যাসের পাইপ লাইন স্থাপন করা হয়েছে। ৫টি পাবলিক টয়লেট, ১৪টি কমিউনিটি ল্যাট্রিন এবং কমিউনাল বিন এর কাজ প্রায় ৯১% সম্পন্ন হয়েছে। উৎপাদক নলকূপ ২ টিতে মেয়র, শ্রীবরদী কর্তৃক বিদ্যুৎ সংযোগের উদ্যোগ গ্রহণ করা হয়েছে। জিপিএস, এনএনজিপিএস পিইডিপি-৪ প্রকল্পের আওতায় ৪৮ টি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে দ্বি-তল বিশিষ্ট বর্তমানে ২৩ টি আরসিসি ওয়াশব্লক নির্মাণ কাজ চলমান রয়েছে। ২০২১-২২ অর্থ বছরের সমগ্রদেশে নিরাপদ পানি সরবরাহ প্রকল্পের আওতায় বিভিন্ন ব্যাসের গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গেছে এবং নভেম্বরের মধ্যে কাজ শুরু হবে। এছাড়া অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | প্রকল্পের কাজে গুনগত মান নিশ্চিত করতে হবে। | সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, শ্রীবরদী। |

১৬। উপজেলা সমবায় বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা সমবায় অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, উপজেলায় ২০২০-২১ বছরে অডিটযোগ্য সমিতির সংখ্যা ৬৪ টি। চলতিমাস পর্যন্ত নতুন অডিট ম্যানুয়াল অনুযায়ী ১৬ টি সমিতির অডিট সম্পন্ন হয়েছে। ২০১৯-২০ সনে প্রাথমিক ধার্যকৃত অডিট ফি ১৪,৫৬/- টাকা এবং সিডিএফ ৪,৩৩৮/- টাকা আদায় ও জমা করা হয়েছে। চলতিমাস পর্যন্ত ভ্রাম্যমান প্রশিক্ষণের আওতায় ১ দিনের ১টি প্রশিক্ষণে ২৫ জন সমবায়ীকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। কর্ণঝোড়া আশ্রয়ন প্রকল্প (ফেইজ-২) ঋণ আদায়ের হার ৮২%। মামদামারী ও মাটিয়াকুড়া গ্রামে ২ টি নারী উন্নয়ন সমবায় সমিতির ২০০ জন সদস্যের মাঝে প্রত্যেককে ১ লক্ষ ২০ হাজার টাকা করে মোট ২ কোটি ৪০ লক্ষ টাকা ঋণ বিতরণ করা হয়েছে। ১ম ও ২য় দফায় প্রদানকৃত ঋণের কিস্তি অক্টোবর, ২০২১ মাস পর্যন্ত আসল ৭৯,৬৫,৮০০/- টাকা, সা:ফি: ৯,৮৭,৫৫০/- টাকা আদায় করা হয়েছে। নতুন উৎপাদনমুখী সমিতি গঠনে সমবায়ীদের উদ্বুদ্ধ করা হচ্ছে। তাঁর অফিসের অন্যান্য সকল কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। | ১। সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে।<br>২। নিবন্ধনের বিষয়ে সর্বোচ্চ সতর্কতা অবলম্বন করতে হবে। | উপজেলা সমবায় অফিসার, শ্রীবরদী। |

১৭। বিদ্যুৎ উন্নয়ন বোর্ড :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | কার্যপত্র প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | আবাসিক প্রকৌশলী, বিদ্যুৎ উন্নয়ন বোর্ড, শ্রীবরদী। |

১৮। তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী, সভায় জানান যে, চলতিমাসে যথাযোগ্য মর্যাদায় জাতীয় শেখ রাসেল দিবস,২০২১ পালিত হয়েছে। নতুন ১০ টি শেখ রাসেল ল্যাব এর ইন্টেরিয়র ডিজাইনের কার্যক্রম শ্রীঘ্রই শুরু হবে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ১। সকল বিভাগের ওয়েব পোর্টাল হাল নাগাদ শতভাগ করতে হবে।<br>২। ই-নথি কার্যক্রম জোরদার করতে হবে।<br>৩। তথ্য প্রদানকারী কর্মকর্তা পরিবর্তন হলে তা সকল দপ্তরকে জানাতে হবে। তথ্য প্রদানকারী কর্মকর্তার তথ্য আপডেট রাখতে হবে। | ১। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান (সকল)<br>২। দপ্তর প্রধান (সকল)।<br>৩। সহকারী প্রোগ্রামার, শ্রীবরদী।<br>৪। তথ্য প্রদানকারী কর্মকর্তা (সকল) |



Scanned with CamScanner

১৯। খাদ্য বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা খাদ্য নিয়ন্ত্রক শ্রীবরদী সভায় অনুপস্থিত ও কার্যপত্র প্রেরণ না করায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা গেল না। | কার্যপত্র প্রেরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, শ্রীবরদী, |

২০। উপজেলা পরিসংখ্যান বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পরিসংখ্যান অফিসার শ্রীবরদী সভায় জানান যে, আমন ফসলের পূর্বাভাস জরিপ, মাসিক কৃষি মজুরী তথ্য সংগ্রহ ও বিভিন্ন ফসলের আনুমানিক হিসাব সংগ্রহ সম্পন্ন হয়েছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সতর্কতার সহিত জরিপ কাযক্রপ পরিচালনা করতে হবে। | উপজেলা পরিসংখ্যান অফিসার, শ্রীবরদী। |

২১। উপজেলা আনসার ও ভিডিপি অফিস :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা আনছার ও ভিডিপি অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা আনসার ও ভিডিপি অফিসার, শ্রীবরদী। |

২২। বন বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ভারপ্রাপ্ত কর্মকর্তা, শ্রীবরদী এস.এফ এন. টি.সি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | আগামী সভায় কার্যপত্রসহ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ভারপ্রাপ্ত কর্মকর্তা, শ্রীবরদী এস.এফ এন. টি.সি, শ্রীবরদী। |

২৩। বি.এ.ডি.সি (ক্ষুদ্রসেচ) বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বি.এ.ডি.সি, শ্রীবরদী সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপ-সহকারী প্রকৌশলী (ক্ষুদ্রসেচ) বি.এ.ডি.সি শ্রীবরদী। |

২৪। পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা পল্লী দারিদ্র বিমোচন অফিসার, শ্রীবরদী সভায় জানান যে, তাঁর দপ্তরের সকল কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | ঋণ বিতরণ কার্যক্রম যথাযথভাবে মনিটরিং করতে হবে। | উপজেলা দারিদ্র বিমোচন অফিসার, শ্রীবরদী। |

২৫। পল্লী সঞ্চয় ব্যাংক :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীবরদী সভায় জানান যে, অক্টোবর,২০২১ মাসে ১ কোটি ১৭ লক্ষ টাকা বিতরণ এবং ৬৯ লক্ষ ২৪ হাজার টাকা আদায় করা হয়েছে। করোনাকালীন প্রনোদনা হিসাবে কর্মসৃজন ঋণ বিতরণ শুরু হয়েছে। এজন্য চলতিমাসে ৬৬ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া গেছে। এছাড়া তার অফিসের কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | ১। ঋণ বিতরণে সচ্ছতা অবলম্বন করতে হবে।<br>২। সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, শ্রীবরদী। |

২৬। উপজেলা তথ্যকেন্দ্র :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শ্রীবরদী, সভায় জানান যে, উপজেলা তথ্য কেন্দ্র থেকে নারী ও শিশুদের সামাজিক সচেতনতামূলক এবং তথ্যপ্রযুক্তি ভিত্তিক বিভিন্ন সেবা প্রদান করা হচ্ছে। এছাড়া সকল কার্যক্রম সুষ্ঠ ও স্বাভাবিকভাবে চলছে। | সকল কার্যক্রম সুষ্ঠ ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | উপজেলা তথ্য সেবা কর্মকর্তা, শ্রীবরদী। |

২৭। ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শ্রীবরদী, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ইনচার্জ, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স, শ্রীবরদী। |

২৮। উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| উপজেলা প্রোগ্রাম অফিসার, শ্রীবরদী সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রোগ্রাম অফিসার, শ্রীবরদী। |

২৯। পল্লী বিদ্যুৎ বিভাগ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| এজিএম, শ্রীবরদী পল্লী বিদ্যুৎ সমিতি সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | এজিএম, শ্রীবরদী পল্লী বিদ্যুৎ সমিতি। |

৩০। ইউনিসেফ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| ডিস্ট্রিক্ট কো অর্ডিনেটর, স্থানীয় সরকার শাখা, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ডিস্ট্রিক কো অর্ডিনেটর, স্থানীয় সরকার শাখা, শেরপুর |

চলমান পাতা-০৫



Scanned with CamScanner

৩১। শ্রীবরদী থানা :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| অফিসার ইনচার্জ শ্রীবরদী থানা সভায় জানান যে, সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | অফিসার ইনচার্জ, শ্রীবরদী থানা। |

৩৩। সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান (প্যানেল -১), সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার পরিষদের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পাদন হচ্ছে। | সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান সিংগাবরুনা ইউনিয়ন পরিষদ। |

৩৪। রাণীশিমুল ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, রাণীশিমুল ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান রাণীশিমুল ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৫। কাকিলাকুড়া ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, কাকিলাকুড়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার পরিষদের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পাদন হচ্ছে। | সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, কাকিলাকুড়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৬। তাতিহাটি ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, তাতিহাটি ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার পরিষদের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পাদন হচ্ছে। | সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, তাতিহাটি ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৭। গোসাইপুর ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, গোসাইপুর ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, গোসাইপুর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৮। শ্রীবরদী ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, শ্রীবরদী ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগ সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, শ্রীবরদী ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৩৯। ভেলুয়া ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান (প্যানেল), ভেলুয়া ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার পরিষদের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পাদন হচ্ছে। | সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, ভেলুয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৪০। খড়িয়াকাজির চর ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), খড়িয়াকাজির চর ইউনিয়ন পরিষদ ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান (ভারপ্রাপ্ত), খড়িয়াকাজির চর ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৪১। কুড়িকাহনিয়া ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, কুড়িকাহনিয়া ইউনিয়ন পরিষদ সভায় উপস্থিত না থাকায় তার বিভাগের কার্যক্রম সম্পর্কে আলোচনা করা সম্ভব হলো না। | কার্যপত্র প্রেরণ নিশ্চিতকরণসহ আগামী সভায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | চেয়ারম্যান, কুড়িকাহনিয়া ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

৪২। গড়জরিপা ইউনিয়ন পরিষদ :

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
|---|---|---|
| চেয়ারম্যান, গড়জরিপা ইউনিয়ন পরিষদ তার পরিষদের সকল কার্যক্রম সুষ্ঠু ও স্বাভাবিকভাবে সম্পাদন হচ্ছে। । | সকল কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে সম্পন্ন করতে হবে। | চেয়ারম্যান, গড়জরিপা ইউনিয়ন পরিষদ, শ্রীবরদী। |

চলমানপাতা-৬



Scanned with CamScanner

৪৪। বিবিধ আলোচনা।

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়ন |
| --- | --- | --- |
| উপজেলা নির্বাহী অফিসার, শ্রীবরদী, সভায় জানান যে, সরকারি নির্দেশে করোনা প্রাদুর্ভাবজনিত পরিস্থিতিতে স্বাস্থ্যবিধি অনুসরণপূর্বক সকল কার্যক্রম চলছে। করোনা রোগীর চিকিৎসায় আইসোলেশনের ব্যবস্থা নিশ্চিত তদারকিসহ আক্রান্ত রোগীদের সংস্পর্শে আসা ব্যক্তিদের কোয়ারেন্টাইন নিশ্চিত করার মাধ্যমে শ্রীবরদী উপজেলায় করোনা সংক্রমণ অনেকাংশে নিয়ন্ত্রণে রাখা সম্ভব হয়েছে। এক্ষেত্রে উপজেলায় সার্বিক করোনা পরিস্থিতি স্বাভাবিক রাখার জন্য স্বাস্থ্য বিভাগসহ সংশ্লিষ্ট সকলের প্রতি কৃতজ্ঞতা জানানো হয়। শ্রীবরদী উপজেলার জনপ্রতিনিধিবৃন্দ, পুলিশ, স্বাস্থ্য বিভাগ ও সংশ্লিষ্ট সকলকে সমন্বিত হয়ে জনসচেতনতা বৃদ্ধির মাধ্যমে করোনা প্রতিরোধে কাজ করার আহবান জানান।<br>প্রধানমন্ত্রীর কার্যালয়ের এটুআই প্রোগ্রামের উদ্যোগে উপজেলার ই-ফাইলিং কার্যক্রম সচল করার জন্য কর্মকর্তা/কর্মচারীদের ই-ফাইলিং প্রশিক্ষণ সম্পন্ন করা হয়েছে। সামাজিক ব্যাধি বাল্যবিবাহ প্রতিরোধ বিষয়ে সকলকে একযোগে কাজ করার আহবান জানান। ইউনিয়ন পর্যায়ে সরকারের গুরুত্বপূর্ণ কার্যক্রমসমূহ- সামাজিক নিরাপত্তা বেষ্টনী কার্যক্রম, অতিদরিদ্রদের কর্মসংস্থান কার্যক্রম, গ্রাম-আদালত পরিচালনা কার্যক্রম, ভিক্ষুক পুনর্বাসন কার্যক্রম, ইউডিসির কার্যক্রম সম্পর্কে আলোচনা করেন। তিনি ডেঙ্গু প্রতিরোধে পরিষ্কার পরিচ্ছন্নতা কার্যক্রমকে জোরদারের আহবান জানান। এছাড়া সকলের নিজ নিজ বিভাগের কাজের গুনগত মানের ক্ষেত্রে যেন আপোষ না করে সে বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ১। সকল দপ্তরকে মুজিববর্ষের তাৎপর্য সমুন্নত রেখে কর্মপরিকল্পনা গ্রহণ করে তা বাস্তবায়নের জন্য সচেষ্ট হতে হবে।<br>২। ব্যাপক প্রচারণার মাধ্যমে জনসচেতনতা বৃদ্ধি অব্যাহত রাখতে হবে।<br>৩। জনগণের মাস্কবিহীন চলাচল নিরুৎসাহিত করতে মোবাইল কোর্টের মাধ্যমে অভিযান পরিচালনা অব্যাহত রাখতে হবে।<br>৪। ই-ফাইলিং কার্যক্রম জোরদার করতে হবে। আন্তঃঅফিস যোগাযোগ বাড়াতে হবে।<br>৫। ওয়েব পোর্টাল নিয়মিত আপডেট রাখতে হবে।<br>৬। করোনাকালীন সময়ে ই-নথির মাধ্যমে অফিস কার্যক্রম পরিচালনার জন্য সকল দপ্তরকে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br>৭। বাল্যবিবাহের কুফল সম্পর্কে ব্যাপক প্রচারণার মাধ্যমে জনগণকে সচেতন করে তুলতে হবে। | সংশ্লিষ্ট সকল। |

এছাড়াও বিস্তারিত আলোচনান্তে সর্বসম্মতিক্রমে নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয়:

১। প্রত্যেক দপ্তরের কার্যপত্র আবশ্যিকভাবে প্রেরণ করতে হবে।
২। করোনা ভাইরাস জনিত কারণে মুজিব বর্ষের তাৎপর্য সমুন্নত রেখে সীমিত আকারে সকল দপ্তরকে কর্ম পরিকল্পনা গ্রহণ করে বাস্তবায়নে সচেষ্ট থাকতে হবে।
৩। করোনা ভাইরাসের অধিকতর সংক্রমণ প্রতিরোধে ব্যাপক সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে প্রয়োজনীয় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করতে হবে।
৪। সকল দপ্তর পরিষ্কার পরিচ্ছন্নতা নিশ্চিতকল্পে স্ব-স্ব দপ্তরে ১ টি কমিটি গঠন করবে। কমিটিতে একটি ফোকাল পয়েন্ট কর্মকর্তা থাকবেন।
৫। প্রত্যেক দপ্তর/বিভাগকে এসডিজির উপর ভিত্তি করে কার্যপত্র প্রেরণ করতে হবে।
৬। ভিজিডি তালিকা প্রণয়নের ক্ষেত্রে মহিলা বিষয়ক কর্মকর্তা, উপজেলা চেয়ারম্যান ও উপজেলা নির্বাহী অফিসারগণ নিবিড়ভাবে পর্যবেক্ষণের মাধ্যমে নির্ভুল তালিকা প্রণয়ন করবেন। প্রতিটি ইউনিয়ন পরিষদে এই তালিকা প্রদর্শন করা হবে। খাদ্য বান্ধব কর্মসূচির সাথে সমন্বয় করে দ্বৈততা পরিহার করতে হবে।
৭। সকল দপ্তরের ওয়েব পোর্টাল নিয়মিত হালনাগাদ করতে হবে। নতুন অফিসারের তথ্য হালনাগাদ করতে হবে।
৮। উপজেলা পর্যায়ে সকল কার্যালয়ে তথ্য প্রদানকারী সকল কর্মকর্তা ও আপিল কর্তৃপক্ষের নাম, পদবী, ঠিকানা দৃশ্যমান স্থানে প্রদর্শন করতে হবে। এছাড়া তথ্য অধিকার আইন, ২০০৯ সঠিকভাবে জেনে তথ্য প্রদান করতে হবে।
৯। সকল সরকারি দপ্তরের ভূমি উন্নয়ন কর দ্রুত পরিশোধ করতে হবে। ভূমি উন্নয়ন কর আদায়ে সহকারী কমিশনার (ভূমি) কে সার্বিক সহযোগিতা করতে হবে।
১০। জন্ম/মৃত্যু নিবন্ধনে অতিরিক্ত ফি আদায় করা যাবে না।

ক্ষুধা-দারিদ্র্যমুক্ত সোনার বাংলা গড়ার লক্ষ্যে দুর্নীতি প্রধান অন্তরায়। এজন্য সকলকে সতর্ক থাকতে হবে। প্রাতিষ্ঠানিক [illegible] ও উন্নয়ন [illegible] জন্য নির্দিষ্ট [illegible] সকল প্রকারের ব্যবস্থা নেয়ার অনুরোধ জানান। বাল্য বিবাহ রোধ, মাদকসেবীসহ মাদকের চোরাচালান ও অপরাধের বিরুদ্ধে সামাজিক আন্দোলন গড়ে তোলার প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক শ্রীবরদী উপজেলাকে বাল্যবিবাহ মুক্ত ও মাদকমুক্ত করার লক্ষ্যে সকলের সহযোগিতা কামনা করা হয়। পরিশেষে শ্রীবরদী উপজেলার সার্বিক উন্নয়ন কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যার যার অবস্থান থেকে আন্তরিকভাবে কাজ করার আহবান জানানো হয়। কোভিড-১৯ পরিস্থিতিতে সকলকে স্বাস্থ্যবিধি অনুসরণ করে কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করে উপস্থিত সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

এ.ডি.এম শহিদুল ইসলাম
চেয়ারম্যান
উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা পরিষদ মাসিক সভা
শ্রীবরদী, শেরপুর।

স্মারক নং- ৪৬.৪৫.৮৯৯০.০১০.০৭.০০১.১৮-৬৭ তারিখ ০৯ কার্তিক ১৪২৮ / ২৪ অক্টোবর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলো।

১। জনাব এ.কে.এম ফজলুল হক, মাননীয় সংসদ সদস্য, ১৪৫ শেরপুর-৩।
২। মন্ত্রি পরিষদ সচিব, মন্ত্রি পরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয় ঢাকা।
৩। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ বিভাগ, ময়মনসিংহ।
৫। জেলা প্রশাসক, শেরপুর।
৬। উপজেলা..............................................................অফিসার, শ্রীবরদী, শেরপুর।
৭। জনাব..............................................................................শ্রীবরদী, শেরপুর।
৮। অফিস কপি।

২৪/১০/২১
নিলুফা আক্তার
উপজেলা নির্বাহী অফিসার
শ্রীবরদী, শেরপুর।

Scanned with CamScanner